

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬৯৪

১৭/ হক ও অধিকার

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর অধিকার, তাঁর প্রতি দর্মদ ও সালাম পেশ করার আদেশ, তার মাহাত্ম্য ও শব্দাবলী

## আরবী

عن مَالِكُ بْنُ الْحَسَنِ بْنِ مَالِكِ بْنِ الْحُويْرِثِ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ صَعِدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمِنْبَرَ فَلَمَّا رَقِيَ عَتَبَةً قَالَ: "آمِينَ": ثمَّ رقى أُخْرَى فَقَالَ: "آمين" ثمَّ قَالَ: "أَمِينَ" ثُمَّ رَقِيَ عَتَبَةً ثَالِثَةً فَقَالَ: "آمين" ثمَّ قَالَ: "أَتَانِي جِبْرِيل صلى الله عَلَيْهِمَا فَقَالَ: "أَمين ثمَّ أَلْهُ فَأَبْعَده الله فَقلت آمِينَ قَالَ وَمَنْ أُدْرَكَ رَمَضَانَ فَلَمْ يغْفر لَهُ فَأَبْعَده الله فَقلت آمِينَ قَالَ وَمَنْ أُدْرَكَ وَمَنْ أَدْرُكَ عَنْدَهُ فَلَمْ يُصِلِّ وَالِدَيْهِ أَوْ أَحَدَهُمَا فَدخل النَّارِ فَأَبْعَده الله فَقلت آمين قَالَ وَمَنْ ذُكِرْتَ عِنْدَهُ فَلَمْ يُصِلِّ عَلَيْكَ فَأَبْعَدهُ الله قُلْتُ آمِينَ فَقُلْتُ آمِينَ فَقُلْتُ آمِينَ فَقُلْتُ آمِينَ فَقُلْتُ آمِينَ فَقُلْتُ آمِينَ

## বাংলা

(১৬৯৪) মালিক বিন হাসান বিন মালিক বিন হ্যাইরিস তাঁর পিতা হতে, তিনি (হাসান) তাঁর (মালেকের) পিতামহ (মালিক বিন হ্যাইরিষ) হতে বর্ণনা করে বলেন, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বরে চড়লেন। প্রথম ধাপে চড়েই বললেন, ''আমীন।'' অতঃপর দ্বিতীয় ধাপে চড়ে বললেন, ''আমীন'' অনুরূপ তৃতীয় ধাপেও চড়ে বললেন, ''আমীন।'' অতঃপর তিনি (এর রহস্য ব্যক্ত করে) বললেন, ''আমার নিকট জিবরীল উপস্থিত হয়ে বললেন, 'হে মুহাম্মাদ! যে ব্যক্তি রমযান পেল অথচ পাপমুক্ত হতে পারল না আল্লাহ তাকে দূর করেন।' তখন আমি (প্রথম) 'আ-মীন' বললাম। তিনি আবার বললেন, 'যে ব্যক্তি তার পিতা-মাতাকে অথবা তাদের একজনকে জীবিতাবস্থায় পেল অথচ তাকে দোযখে যেতে হবে, আল্লাহ তাকেও দূর করুন।' এতে আমি (দ্বিতীয়) 'আ-মীন' বললাম। অতঃপর তিনি বললেন, 'যার নিকট আপনার (নাম) উল্লেখ করা হয় অথচ সে আপনার উপর দর্মদ পাঠ করে না, আল্লাহ তাকেও দূর করুন।' এতে আমি (তৃতীয়) 'আমীন' বললাম।

## ফুটনোট

(ইবনে হিব্বান ৪০৯, ৯০৭, সহীহ তারগীব ৯৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন